

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৬৯

ধর্মনগর, ১৬ ডিসেম্বর, ২০২৩

ধর্মনগর পুরপরিষদের উদ্যোগে খেলো ধর্মনগর ক্রীড়া কর্মসূচি

খেলো ধর্মনগর শীর্ষক ক্রীড়া কর্মসূচি আজ থেকে ধর্মনগরে শুরু হয়েছে। ধর্মনগর পুরপরিষদের উদ্যোগে বিবিআই মাঠে আয়োজিত একমাসব্যাপী এই কর্মসূচির সূচনা করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ক্লিন ধর্মনগর, গ্রিন ধর্মনগর কর্মসূচির মধ্য দিয়ে এক নতুন ধর্মনগর রাজ্যবাসীর কাছে উপহার দেওয়া সম্ভব হচ্ছে। আজ ধর্মনগর শিক্ষা, আইন শৃঙ্খলা রক্ষার পাশাপাশি খেলাধুলার দিক দিয়েও অনেক এগিয়ে গেছে। উল্লেখ্য, একমাসব্যাপী এই ক্রীড়া কর্মসূচিতে ক্রিকেট, ভলিবল, ব্যাডমিন্টন, কাবাডি, টেবিল টেনিস, ক্যারম, দাবা, যোগাসন সহ মোট ১৮টি বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। পুরুষ ও মহিলা উভয় বিভাগেই এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিজয়ীদের জন্য পুরস্কার হিসেবে থাকবে নগদ অর্থ। এই ক্রীড়া কর্মসূচি আয়োজনে বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে প্রায় ৫ লক্ষ টাকা ব্যয় হবে।

একমাসব্যাপী এই ক্রীড়া কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার, ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, ভারপ্রাপ্ত মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা অমিত কুমার যাদব ও সমাজসেবী শ্যামল নাথ।
